কুষ্টিয়ায় তাঁতীলীগের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

বাংলাদেশ তাঁতীলীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কুষ্টিয়ায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। দিবসটি উদযাপন উপলক্ষে শনিবার সকালে কুষ্টিয়া পাবলিক লাইব্রেরি মাঠে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভা ও কেক কাটা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব সদর উদ্দিন খান।

অনুষ্ঠানে প্রধান বক্তার বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজগর আলী।

জেলা তাঁতীলীগের সভাপতি রুহুল আমিনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক হারুন অর রশীদের পরিচালনায় বক্তব্য রাখেন তাতীলীগের কেন্দ্রীয় কমিটির সহসভাপতি এ্যাড. নিজামুল হক চুন্নু, কুষ্টিয়া শহর আওয়ামী লীগের সভাপতি তাইজাল আলী খান, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি এ্যাড. আ স ম আক্তারুজ্জামান মাসুম, জেলা তাঁতী লীগের সহসভাপতি শহীদুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক বিপুল হোসেন, স্মৃতি কণা রানী বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক খান রেজা শামীম, মহিলা বিষয়ক সম্পাদক উরকাতুন খাতুন, মিরপুর উপজেলা তাঁতী লীগের সাধারণ সম্পাদক এডঃ ওয়াকিবুল ইসলাম লিপসন,দৌলতপুর উপজেলা তাঁতী লীগের আহ্বায়ক সজীব দেওয়ান,সদর উপজেলা তাঁতী লীগের সদস্য সচিব মেজবাহুর রহমান লীগার,খোকসা উপজেলা তাঁতী লীগের আহ্বায়ক আব্দুল হাকিম, সাইদুজ্জামান বাবলুসহ জেলা ও উপজেলা তাঁতী লীগের অন্যান্য নেতৃবৃন্দ।

সভায় বক্তারা বলেন, হস্তশিল্পের বিকাশ ঘটাতে চেয়েছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তাঁত যার সুতা তার সেই ব্যবস্থা করেছিলেন বঙ্গবন্ধু। তাঁতশিল্পের রক্ষায় কাজ করতে তাতীলীগের নেতাদের এগিয়ে আসতে হবে। যাতে করে সামাজিক পেশায় স্বাবলম্বী হতে পারে।

বক্তারা আরও বলেন, সরকারকে যারা বিব্রত করছে তাদের বিরুদ্ধে রুখে দাড়াতে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে। আলোচনা সভা শেষে ১৯ পাউন্ড আকৃতির কেক কাটা হয়।

এসময় সংগঠনের জেলা ও বিভিন্ন উপজেলার সদস্যরা উপস্থিত ছিলেন।

জীবননগরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও শিশু দিবস পালিত

জীবননগরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী ও শিশু দিবস পালিত উপলক্ষে কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ৮টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসার মোঃ আরিফুল ইসলামের সভাপতিত্বে উপজেলা পরিষদ চক্তরে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর থানা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারন সম্পাদক আব্দুল লতিফ অমল, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মোঃ হুমায়ন কবির,জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ আব্দুল খালেক, জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পঃপঃ কর্মকর্তা ডাঃ সেলিমা আক্তার,বীর মুক্তিযোদ্ধা সাইদুর রহমান প্রমুখ।

আলোচনা সভা শেষে শিশুদের নিয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী উপলক্ষে কেক কাটা হয়।

এছাড়া জীবননগর ইসলামি ফাউন্ডেশনের উদ্যোগে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা, পুরস্কার বিতরণী ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, বিশেষ অতিথি মহিলা ভাইস

চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, উপজেলা শিক্ষা অফিসার মোঃ জালাল উদ্দিন।

অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ আরিফুল ইসলাম।

জেলা ছাত্রলীগের সভাপতির উদ্যোগে শিশু পরিবারে বঙ্গবন্ধুর জন্মদিন পালন

মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন এর উদ্যোগে মেহেরপুর সরকারি শিশু পরিবারের শিশুদের সাথে নিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০২ তম জন্মদিন পালন করা হয়েছে।

বৃহস্পতিবার বিকালে শিশু পরিবার চত্বরে শিশুদের সাথে নিয়ে কেক কাটার আয়োজন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক অনিক ইসলাম, সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ, সাধারণ সম্পাদক কুতুব উদ্দিনসহ শিশু পরিবারের শিক্ষার্থীরা।

শৈলকুপায় অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে

সহায়তা প্রদান

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার আশুরাট গ্রামে আগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ৫টি পরিবারের মাঝে পোশাকসহ নগদ টাকা সহায়তা প্রদাণ করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই ঘটনাস্থল পরিদর্শন করে ক্ষতিগ্রস্থদের মাঝে শাড়ি, লুঙ্গি, গামছাসহ নগদ টাকা সহায়তা প্রদাণ করেন। এসময় কান্নায় ভেঙ্গে পড়েন ক্ষতিগ্রস্থরা।

গত সোমবার বিকেলে শৈলকুপার আশুরাট গ্রামে বৈদ্যুতিক শর্ট-সার্কিট থেকে সুত্রপাত হওয়া আগুনে পুড়ে যায় ওই গ্রামের ৫টি কৃষকের বসত বাড়ি। ভষ্মিভূত হয় ৫ জনের ৭ টি ঘরে থাকা ধান, পাট, পোশাক, নগদ টাকাসহ আববাবপত্র।

ঝিনাইদহে নানা কর্মসূচীর মধ্য দিয়ে বঙ্গবন্ধুর জন্মদিন ও শিশু দিবস পালিত

নানা কর্মসূচীর মধ্য দিয়ে ঝিনাইদহে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস পালিত হয়েছে।

এ উপলক্ষে বৃহস্পতিবার সকাল ৭ টায় জেলা আওয়ামী লীগের কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয়। সেখান থেকে একটি র্যালী বের করা হয়।

র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে প্রেরণা একাত্তর চত্বরে গিয়ে শেষ হয়। পরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অপর্ণ করা হয়। সেসময় জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই এমপি, সহ-সভাপতি শফিকুল ইসলাম অপুসহ দলটির নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সকাল সাড়ে ৯ টায় জেলা প্রশাসনের আয়োজনে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে উজির আলী স্কুল মাঠে গিয়ে শেষ হয়। পরে সেখানে কেক কেটে বঙ্গবন্ধু জন্মদিন পালন করা হয়।

এর আগে শান্তির প্রতিক পায়রা ও বেলুন উড়িয়ে ৭ দিন ব্যাপী মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলার উদ্বোধন করা হয়। এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় জেলা প্রশাসক মনিরা বেগম’র সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই এমপি।

বিশেষ অতিথি ছিলেন সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য খালেদা খানম, পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, স্থানীয় সরকারের উপ-পরিচালক ইয়ারুল ইসলাম, জেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার মকবুল হোসেন। আলোচনা সভায় বক্তারা, বঙ্গবন্ধুর আদর্শকে বুকে লালন করে দেশ গড়তে সকলের প্রতি আহ্বান জানান।

জেলা প্রশাসনের আয়োজনে বৃহস্পতিবার থেকে শুরু হওয়া এ মেলা চলবে আগামী ২৩ মার্চ পর্যন্ত। ৭ দিন ব্যাপী এ মেলায় বিভিন্ন সরকারি, বেসরকারি দপ্তরের ৫১ টি স্টল স্থান পেয়েছে।

এছাড়া জেলার বিভিন্ন স্থানে র্যালি, চিত্রাঙ্কন প্রতিযোগিতাসহ বিভিন্ন আয়োজনের মধ্যে দিয়ে বঙ্গবন্ধুর জন্মদিন ও শিশু দিবস পালিত হয়েছে।

কোটচাঁদপুরে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে নানা কর্মসূচি ও বর্ণাঢ্য আয়োজনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন করা হয়েছ্।

দিবসটি উপলক্ষে বৃহস্পতিবার উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদ

চত্তরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। পরে উপজেলা পরিষদ মিলনায়তে আলোচনা সভা, কেক কাটা, মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শীলা বেগমের সঞ্চালনায় অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম পৌর আ.লীগের সভাপতি কাজী আলমগীর, সাধারণ সম্পদক রিপন মন্ডল সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের প্রধান, রাজনৈতিক, সামাজিক, সাংবাদিক, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

দিনব্যাপী আয়োজনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকীর কেক কাটা, মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার এবং এমপির ঐচ্ছিক তহবিল হতে চেক বিতরণী অনুষ্ঠিত হয়। পরে পরিষদ চত্তরে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে মেলার বিভিন্ন স্টল ঘুরে দেখেন আগত অতিথিবৃন্দ।

ঝিনাইদহে বঙ্গবন্ধুর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস পালন

ঝিনাইদহ সদর বিষয়খালী বাজার এনজিও ডিস এ্যাবিলিটি ইনকুইজিশন এ্যাক্টিভিটিজ (দিয়া) এর সৌজন্যে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালন করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে বিষয়খালী বাজার দিয়া এর প্রধান কার্যালয়ে এতিম, অসহায় ও স্কুল পড়ুয়া ছোট ছোট ছেলে মেয়ে দের নিয়ে কেক কেটে দিবসটি পালন করা হয় ।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ সমাজসেবা কার্যালয়ের সহকারী পরিচালক আবদুল্লাহ আল সামী, সদর উপজেলা সমাজসেবা অফিসার আব্দুল হাই সিদ্দিক, রেজিস্টার অফিসার মোঃ হাসানুজ্জামান, ডিস এ্যাবিলিটি ইনকুইজিশন এ্যাক্টিভিটিজ দিয়া’র নির্বাহী পরিচালক মোঃ রফিকুল ইসলাম।

কেক কাটা পরবর্তীতে এতিম,অসহায় ও স্কুল পড়ুয়া বাচ্চাদের জন্য প্রীতিভোজের আয়োজন করা হয় ।

হরিনাকুন্ডুতে বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস পালিত

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে নানা আয়োজনের মধ্যদিয়ে পালিত হলো হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান মোঃ জাহাঙ্গীর হুসাইন। উপজেলা নির্বাহী কর্মকর্তা সুস্মিতা সাহা, সহকারি কমিশনার ভূমি, সেলিম আহমেদ।

হরিণাকুন্ডু পৌরসভার মেয়র, মোঃ ফারুক হোসেন। হরিণাকুণ্ডু থানা অফিসার ইনচার্জ, আঃ রহিম মোল্লা। ১নং ভায়না ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা তুষার, ২নং জোড়াদহ ইউপি চেয়ারম্যান জাহিদুল ইসলাম (বাবু মিয়া) ৩ নং তাহেরহুদা ইউপি চেয়ারম্যান মুনজুর রাশেদ, ৪নং দৌলতপুর ইউপি চেয়ারম্যান ডাঃ আবুল কালাম আজাদ, ৭নং রঘুনাথপুর ইউপি চেয়ারম্যান মোঃ বশির উদ্দিন, ৮ নং চাঁদপুর ইউপি চেয়ারম্যান মোঃ কামাল হোসেন সহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তারা

উপস্থিত ছিলেন ও হরিনাকুণ্ডু প্রেসক্লাবের সভাপতি এইচ মাহাবুব মিলু সহ সভাপতি বিপ্লব হোসেন যুগ্ম সাধারণ সস্পাদক মোঃ আশরাফুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক রাব্বুল হোসেন, রাজন আহমেদসহ উপজেলা আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ আওয়ামী লীগ যুবলীগ,স্বেচ্ছাসেবক লীগ,ছাত্রলীগ সহ বিভিন্ন সরকারি ও বেসরকারি অফিসের গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। দিবসটি পালনের জন্য হরিণাকুণ্ডু উপজেলা প্রশাসন নানা কর্মসূচি পালন করেছেন।

আয়োজনের মধ্যে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন, দোয়া মাহফিল, কেক কাটা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণের মধ্য দিয়ে শেষ হয়।

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও শিশু দিবস পালন

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও শিশু দিবস পালিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১০টার সময় পতাকা উত্তলনের মধ্যে দিয়ে অনুষ্টানের সূচনা করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের ত্রান ও সমাজ কল্যান সম্পাদক ও মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের সাধারন সম্পাদক ও ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা। আরো উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষকলীগের কাথুলী শাখার সভাপতি রেজাউর রহমান রেজা,২ নং ওয়ার্ডের মেম্বর আবু হানিফ, সদস্য হুছাইন মাহমুদ, কাবের আলী সহ আরো মেম্বর বৃন্দ।

কেক কটার মধ্যে দিয়ে অনুষ্টানের সমাপ্তি ঘোষনা করেন অনুষ্ঠানের সভাপতি সহকারী সচিব আসলাম হোসেন।

বাগোয়ান ইউপির ৬টি ওয়ার্ড আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগকে শক্তিশালী ও গতিশীল করে জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার মাধ্যমে আগামী জাতীয় নির্বাচনে নৌকার প্রার্থীকে বিজয়ী করার মধ্যে দিয়ে পুনরায় জননেত্রী শেখ হাসিনাকে বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচিত করে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের স্বপ্নকে বাস্তবায়িত করার লক্ষ্যে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ওয়ার্ড পর্যায়ে ত্রি-বার্ষিক সম্মেলন কমিটি গঠন অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সন্ধ্যা সাড়ে ৭ টার সময় মুজিবনগর মুক্তিযোদ্ধা স্মৃতি কমপ্লেক্স পি ডব্লিউ ডি আইবি রেষ্ট হাউজের শেখ হাসিনা চত্তরে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ১,২,৩,৪,৫,৬ নং ওয়ার্ড আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

ত্রি বার্ষিক সম্মেলন ও কমিটি গঠন অনুষ্ঠানে বাগোয়ান ইউপি আ‘লীগের ক্রিড়া সম্পাদক জাহিদ এর সঞ্চলনায় অনুষ্ঠানে, সভাপতিত্ব করেন বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি আক্কাস আলী।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি জিয়াউদ্দিন বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব গোলাম রসুল, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান এ্যাড. ইয়ারুল ইসলাম, সাবেক জেলা পরিষদের প্রশাসক এ্যাড: মিয়াজান আলী, মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান আলহাজ রফিকুল ইসলাম মোল্লা, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক শহিদুল ইসলাম পেরেশান,মুজিবনগর উপজেলার ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইউপি সদস্য সোহরাবউদ্দীন, মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রেজাউল হক নান্নু, ইউপি আ‘লীগের সাবেক

সম্পাদক কুতুব উদ্দীন বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক শংকর বিশ্বাস।

এসময় উপস্থিত ছিলেন ইউপি সদস্য রমজান আলী, রিপন আলী, ওমর ফারুক, সানোয়ার হোসেন দানা, সাবেক ইউপি সদস্য মিঃ দিলীপ মল্লিক, কাজী কোমর উদ্দিন সেলিম।

প্রথম অধিবেশন শেষে বাগোয়ান ইউনিয়নের ১নং ওয়ার্ডে আহসান আলীকে সভাপতি ও সাধারণ সম্পাদক ফিতাজ মল্লিক, ২নং ওয়ার্ডের সভাপতি মিঃ দিলিপ মল্লিক ও সাধারণ সম্পাদক তোয়াজ আলী, ৩নং ওয়ার্ডের সভাপতি জাহাঙ্গীর হোসেন ও সাধারণ সম্পাদক আনারুল, ৪নং ওয়ার্ডের সভাপতি উলফাত শেখ ও সাধারণ সম্পাদক আজমত, ৫নং ওয়ার্ডের সভাপতি নজরুল ইসলাম ঝুটিকা ও সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম এবং ৬নং ওয়ার্ডের সভাপতি সুজিত মন্ডল ও সাধারণ হিসাবে মিঃ দানিয়েল মোল্লাকে সর্বসম্মতিক্রমে ঘোষনা করা হয়।